

ই-মেইল ও রেজিঃ ডাক যোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩২৬.২০১৮-

২৭/৫(২)

তারিখ

১১ অগ্রহায়ণ, ১৪২৫।
২৫ নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১০৯৩০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে জনাব, জনাব ফারুক হোসেন গং, প্রধান শিক্ষক, পশ্চিম দেউরী রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), উপজেলা-ঝালকাঠি সদর, জেলা-ঝালকাঠি উক্ত বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করে দায়িত্ব পালন করে আসছেন মর্মে দাবী করেছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০৭.০১৫.০০০.১১.২০১৩-৫৪৩ তারিখ-২৫ নভেম্বর ২০১৩ খ্রিঃ এবং ৩৮.০০৭.০১৫.০০০.১১.২০১৩-৪৭০ তারিখ-১০ নভেম্বর ২০১৩ খ্রিঃ অনুযায়ী তাঁদের পদবী প্রধান শিক্ষকের পরিবর্তে সহকারী শিক্ষক হিসেবে গেজেটভুক্ত করা হয়। ফলে তাঁরা সংক্ষুব্ধ হয়ে প্রধান শিক্ষক পদের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১০৯৩০/২০১৮ দায়ের করেন। গত ১৪.০৮.২০১৮ খ্রিঃ তারিখে মহামান্য আদালত নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Pending hearing of the rule, the respondents are directed to maintain status-quo in respect of appointment of Head Masters in the petitioners schools for a period of 03(three) months from date.

২। রীট পিটিশন নং ১০৯৩০/২০১৮ মামলায় সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৪ নং রেসপনডেন্ট সহ অন্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ১০৯৩০/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১০৯৩০/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে।

- সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।
২। ওকালতনামা ০২(দুই) খানা।
৩। ক্ষমতাপর্শনপত্র ০২(দুই) খানা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।
ঝালকাঠি, বরিশাল।

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৬.০১.৩২৬.২০১৮-

২৭/৫(২)/১২

তারিখ

১১ অগ্রহায়ণ, ১৪২৫।
২৫ নভেম্বর, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বরিশাল বিভাগ, বরিশাল। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক

(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)
পক্ষে- মহাপরিচালক